2026

Four Year Under Graduate Programme (FYUGP)

4th Semester Examination (Under NEP)
(New Session 2024-25)

# BENGALI (Major)

Paper Code : BNGMJ DC-402

(উপন্যাস ও ছোটোগল্প)

Full Marks : 50 Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

## বিভাগ - ক

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসে উনিশ শতকের সমাজ কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১০

অথবা

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের নগেন্দ্রনাথকে নায়ক বলা যায় কি না যুক্তিসহ মতামত দাও। ১০

২। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'অশনি সংকেত' উপন্যাসে পঞ্চাশের মন্বন্তর কালের বাস্তব ছবি অঙ্কিত হয়েছে। — আলোচনা করো। ১০

P.T.O.

অথবা

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'অশনি সংকেত' উপন্যাসের অনঙ্গ বৌ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

৩। রবীন্দ্রনাথ ঠাকুরের 'গিন্নি' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? এই গল্পে শিশু মনস্তত্ত্বের যে প্রকাশ ঘটেছে, গল্প অবলম্বনে আলোচনা করো। ১+৯

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুরের 'রবিবার' গল্পে অভীক ও বিভার সম্পর্কের ব্যঞ্জনায় রবিবারটি বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছিল। — বিশ্লেষণ করো। ১০

৪। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'নারী ও নাগিনী' গল্পে নাগিনীর প্রতি খোঁড়া শেখের রহস্যময় আকর্ষণে এক জীবন সত্যের প্রকাশ ঘটেছে। — মতামত দাও। ১০

অথবা

বনফুলের 'নিমগাছ' গল্পটি আকারে ছোটো হলেও এর উপসংহার বাক্যে জীবনের এক গভীর সত্য প্রকাশিত। — বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০

## বিভাগ - খ

৫। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) নগেন্দ্রনাথ কুন্দনন্দিনীকে কোথা থেকে কী পরিস্থিতিতে পেয়েছিল? ১+১

(খ) অনঙ্গ বৌয়ের ছেলে দু'টির কী নাম ছিল? ১+১



(গ) 'ঘাটের কথা' গল্পটি কোথায় কবে প্রকাশিত হয়? ১+১

(ঘ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের প্রাসাদটি কোথায় এবং কোন্ নদীর তীরে অবস্থিত? ১+১

(ঙ) 'আদরিনী' গল্পের হাতিটিকে কে কত টাকা দিয়ে কিনেছিলেন? ১+১

(চ) 'স্তনদায়িনী' গল্পের যশোদা সম্পর্কে অতিসংক্ষেপে লেখো।

(ছ) সমরেশ বসুর 'আদাব' গল্পটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? ১+১

---